**পল্লী সঞ্চয় ব্যাংক**

প্রধান কার্যালয়

রেড ক্রিসেন্ট বোরাক টাওয়ার (লেভেল ৭-১০)

৩৭/৩/এ, ইস্কাটন গার্ডেন রোড, ঢাকা-১০০০

www.pallisanchaybank.gov.bd

কর্মী ব্যবস্থাপনা বিভাগ

---

স্মারক নং পসব্য/প্রকা/প্রশা-১৬/২০২৫-২৬/৩৯৯৯ তারিখ: ১৯/০৫/২০২৬ খ্রি.

# বিজ্ঞপ্তি

জনপ্রশাসন মন্ত্রণালয়ের ১৪ মে ২০২৬ তারিখের প্রজ্ঞাপন নম্বর-০৫.০০.০০০০.০০০.১৭৩.০৮.০২০.২৫-৪৪ নং স্মারকে আসন্ন পবিত্র ঈদ-উল-আজহা, ২০২৬ উপলক্ষে দেশব্যাপী সকল সরকারি, আধা-সরকারি, স্বায়ত্তশাসিত, আধা-স্বায়ত্তশাসিত এবং বেসরকারি অফিস আগামী ২৫ মে, ২০২৬ সোমবার হতে ৩১ মে, ২০২৬ রবিবার পর্যন্ত বন্ধ থাকবে এবং আগামী ২৩ মে, ২০২৬ শনিবার ও ২৪ মে, ২০২৬ রবিবার অফিসসমূহ খোলা থাকবে মর্মে পত্র জারি করেন। আর্থিক প্রতিষ্ঠান বিভাগের ১৮ মে ২০২৬ তারিখে স্মারক নং-৫৩.০০.০০০০.০০০.২১১.৯৯.০০০২.২৬.৩২৯ এর মাধ্যমে জনপ্রশাসন মন্ত্রণালয়ের উক্ত প্রজ্ঞাপনটি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশনা প্রদান করেছেন এবং বাংলাদেশ ব্যাংকের ১৮ মে ২০২৬ তারিখের এসডিএডি সার্কুলার লেটার নং-০৭ এর মাধ্যমে পবিত্র ঈদ-উল-আজহা, ২০২৬ উপলক্ষে তফসিলি ব্যাংকসমূহ খোলা ও বন্ধ রাখা প্রসঙ্গে নির্দেশনা প্রদান করেন।

২। এমতাবস্থায়, আসন্ন পবিত্র ঈদ-উল-আজহা, ২০২৬ উপলক্ষে জনপ্রশাসন মন্ত্রণালয়ের প্রজ্ঞাপন, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ ও বাংলাদেশ ব্যাংকের নির্দেশনা অনুযায়ী পল্লী সঞ্চয় ব্যাংক আগামী ২৩ মে, ২০২৬ শনিবার ও ২৪ মে, ২০২৬ রবিবার অফিস খোলা থাকবে এবং আগামী ২৫ মে, ২০২৬ সোমবার হতে ৩১ মে, ২০২৬ রবিবার পর্যন্ত সরকারি ছুটি ঘোষিত হওয়ায় বন্ধ থাকবে।

সংযুক্তিঃ বর্ণনামতে।

অনুমোদনক্রমে

19/5/26

(এ.বি.এম জাহিদ হোসেন)

মহাব্যবস্থাপক

---

স্মারক নং পসব্য/প্রকা/প্রশা-১৬/২০২৫-২৬/৩৯৯৯ তারিখ: ১৯/০৫/২০২৬ খ্রি.

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো:

১। স্টাফ অফিসার টু চেয়ারম্যান মহোদয়ের দপ্তর, পল্লী সঞ্চয় ব্যাংক।

২। স্টাফ অফিসার টু ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের দপ্তর, পল্লী সঞ্চয় ব্যাংক।

৩। স্টাফ অফিসার টু উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের দপ্তর, পল্লী সঞ্চয় ব্যাংক।

৪। স্টাফ অফিসার টু মহাব্যবস্থাপকের দপ্তর (সকল), পল্লী সঞ্চয় ব্যাংক।

৫। বিভাগীয় প্রধান (সকল), পল্লী সঞ্চয় ব্যাংক।

৬। প্রোগ্রামার, পল্লী সঞ্চয় ব্যাংক, প্রধান কার্যালয় (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।

৭। জেলা (আঞ্চলিক) কার্যালয় ও নিরীক্ষা কার্যালয় (সকল) পল্লী সঞ্চয় ব্যাংক, .............জেলা।

৮। শাখা ব্যবস্থাপক (সকল), পল্লী সঞ্চয় ব্যাংক,............... শাখা, ...........জেলা।

৯। অফিস নথি।

19.05.2026

(রাজীব সরকার)

সিনিয়র প্রিন্সিপাল অফিসার

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জনপ্রশাসন মন্ত্রণালয়
বিধি-৪ শাখা
www.mopa.gov.bd

স্মারক নং ০৫.০০.০০০০.০০০.১৭৩.০৮.০২০.২৫.৪৪ তারিখ : ৩১ বৈশাখ, ১৪৩৩ / ১৪ মে, ২০২৬

**প্রজ্ঞাপন**

ALLOCATION OF BUSINESS AMONG THE DIFFERENT MINISTRIS AND DIVISIONS (Schedule I of The Rules of Business, 1996) (Revised up to February 2024) এর জনপ্রশাসন মন্ত্রণালয়ের অংশে ৩৭ নম্বর ক্রমিকের প্রদত্ত ক্ষমতাবলে আসন্ন পবিত্র ঈদ-উল-আজহা, ২০২৬ উপলক্ষে দেশব্যাপী সকল সরকারি, আধা-সরকারি, স্বায়ত্তশাসিত, আধা-স্বায়ত্তশাসিত এবং বেসরকারি অফিস আগামী ২৫ মে, ২০২৬ সোমবার হতে ৩১ মে, ২০২৬ রবিবার পর্যন্ত বন্ধ থাকবে এবং আগামী ২৩ মে, ২০২৬ শনিবার ও ২৪ মে, ২০২৬ রবিবার অফিসসমূহ খোলা থাকবে।

২। (ক) জরুরি পরিষেবা যেমন- বিদ্যুৎ, পানি, গ্যাস ও অন্যান্য জ্বালানি, ফায়ার সার্ভিস, বন্দরসমূহের কার্যক্রম, পরিচ্ছন্নতা কার্যক্রম, টেলিফোন ও ইন্টারনেট, ডাক সেবা এবং এ সংশ্লিষ্ট সেবা কাজে নিয়োজিত যানবাহন ও কর্মীগণ এই ছুটির আওতা বহির্ভূত থাকবে।

(খ) হাসপাতাল ও জরুরি সেবা এবং এ সেবার সাথে সংশ্লিষ্ট কর্মীগণ এই ছুটির আওতা বহির্ভূত থাকবে।

(গ) চিকিৎসা সেবায় নিয়োজিত চিকিৎসক ও কর্মীগণ এবং ঔষধসহ চিকিৎসা সরঞ্জামাদি বহনকারী যানবাহন ও কর্মীগণ এই ছুটির আওতা বর্হিভূত থাকবে।

(ঘ) জরুরি কাজের সাথে সম্পৃক্ত অফিসসমূহ এই ছুটির আওতা বহির্ভূত থাকবে।

৩। ব্যাংকিং কার্যক্রম চালু রাখার বিষয়ে বাংলাদেশ ব্যাংক প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করবে।

৪। আদালতের কার্যক্রমের বিষয়ে মহামান্য সুপ্রীম কোর্ট প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করবেন।

৫। বেসরকারি খাতের শিল্প প্রতিষ্ঠান/কল-কারখানা ও প্রতিষ্ঠানের জন্য সাধারণ ছুটি ঘোষণার ক্ষেত্রে বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ অনুযায়ী শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করবে।

**রাষ্ট্রপতির আদেশক্রমে,**

১৪/৫/২০২৬

জান্নাতুল ফেরদৌস
সিনিয়র সহকারী সচিব
ফোন: ০২-৯৫১৪৪৯২
ই-মেইল: reg4@mopa.gov.bd

স্মারক নং ০৫.০০.০০০০.০০০.১৭৩.০৮.০২০.২৫.৪৪ তারিখ : ৩১ বৈশাখ, ১৪৩৩ / ১৪ মে, ২০২৬

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে প্রেরণ করা হলো (**জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়**):

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

২। প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।

৩। গভর্নর, বাংলাদেশ ব্যাংক, মতিঝিল, ঢাকা।

৪। সিনিয়র সচিব/সচিব (সকল) ------------------------(তাঁর অধীন অফিস ও সংস্থাসমূহের সকলকে অবহিত করার অনুরোধসহ)।

৫। পিএসও, সশস্ত্র বাহিনী বিভাগ, ঢাকা সেনানিবাস, ঢাকা।

**(অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য)**

৬। প্রধান তথ্য অফিসার, তথ্য অধিদপ্তর, ঢাকা (প্রচার মাধ্যমে সম্প্রচারের অনুরোধসহ)।

৭। অতিরিক্ত সচিব (সকল), জনপ্রশাসন মন্ত্রণালয়।

৮। রেজিস্ট্রার জেনারেল, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।

৯। বিভাগীয় কমিশনার (সকল), বিভাগীয় কমিশনারের কার্যালয়।

১০। জেলা প্রশাসক (সকল), জেলা প্রশাসকের কার্যালয়।

১১। প্রতিমন্ত্রীর একান্ত সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয় (মাননীয় প্রতিমন্ত্রীর সদয় অবগতির জন্য)।

১২। সিনিয়র সচিবের একান্ত সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয় (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।

১৩। উপজেলা নির্বাহী অফিসার (সকল), উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়।

১৪। উপ-পরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা (বাংলাদেশ গেজেটে প্রকাশ ও প্রকাশিত গেজেটের কপি প্রেরণের অনুরোধসহ)।

১৫। সিনিয়র সিস্টেম এনালিস্ট, পিএসিসি, জনপ্রশাসন মন্ত্রণালয় (প্রজ্ঞাপনটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।

জান্নাতুল ফেরদৌস
সিনিয়র সহকারী সচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
আর্থিক প্রতিষ্ঠান বিভাগ
প্রশাসন শাখা

www.fid.gov.bd

স্মারক নম্বর: ৫৩.০০.০০০০.০০০.২১১.৯৯.০০০২.২৬.৩২৯

তারিখ: ৪ জ্যৈষ্ঠ ১৪৩৩ বঙ্গাব্দ / ১৮ মে ২০২৬ খ্রিস্টাব্দ

বিষয়: **পবিত্র ঈদ-উল-আজহা, ২০২৬ উপলক্ষে অফিস ছুটির ঘোষণা প্রসঙ্গে।**

সূত্র: জনপ্রশাসন মন্ত্রণালয়ের স্মারক নম্বর: ০৫.০০.০০০০.০০০.১৭৩.০৮.০২০.২৫.৪৪, তারিখ: ১৪/০৫/২০২৬ খ্রি.।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক জারিকৃত আসন্ন পবিত্র ঈদ-উল-আজহা, ২০২৬ উপলক্ষে অফিস ছুটির ঘোষণা সংক্রান্ত প্রজ্ঞাপনটি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে এতদ্‌সঙ্গে প্রেরণ করা হলো।

**সংযুক্তি:** বর্ণনামতে ০২(দুই)।

সংযুক্তিঃ
(১) প্রজ্ঞাপন।

১৮-০৫-২০২৬
সারমিন সুলতানা
উপসচিব
ফোন : +৮৮০২২২৩৩৫৪২৮২
ইমেইল : ds.admin@fid.gov.bd

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। গভর্নর, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, মতিঝিল, ঢাকা।
২। চেয়ারম্যান, বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন, ই-৬/সি, আগারগাঁও, ঢাকা।
৩। চেয়ারম্যান, বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ, ৩৭, দিলকুশা, বা/এ, ঢাকা।
৪। এক্সিকিউটিভ ভাইস চেয়ারম্যান, মাইক্রোক্রেডিট রেগুলেটরী অথরিটি, আগারগাঁও, শের-ই-বাংলা নগর, ঢাকা-১২০৭।।
৫। ব্যবস্থাপনা পরিচালক ও সিইও, সোনালী/জনতা/অগ্রণী/রূপালী ব্যাংক পিএলসি, প্রধান কার্যালয়, ঢাকা।
৬। ব্যবস্থাপনা পরিচালক, জীবন বীমা কর্পোরেশন/সাধারণ বীমা কর্পোরেশন, প্রধান কার্যালয়, ঢাকা।
৭। ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ কৃষি ব্যাংক/বিডিবিএল/বেসিক ব্যাংক লিমিটেড/কর্মসংস্থান ব্যাংক/প্রবাসী কল্যাণ ব্যাংক/আইসিবি/বিএইচবিএফসি/আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক/পল্লী সঞ্চয় ব্যাংক/ রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক, প্রধান কার্যালয়, রাজশাহী।
৮। ব্যবস্থাপনা পরিচালক, পিকেএসএফ/বিএমডিএফ/এসডিএফ/দি সিকিউরিটি প্রিন্টিং কর্পো. (বাংলাদেশ)/বাংলাদেশ এনজিও ফাউন্ডেশন/ইউবিকো/সাবিনকো, প্রধান কার্যালয়, ঢাকা।
৯। পরিচালক, বাংলাদেশ ইনসিওরেন্স একাডেমি, ৫৩ মহাখালী বা/এ, ঢাকা।
১০। নির্বাহী প্রেসিডেন্ট, বাংলাদেশ ইনস্টিটিউট অব ক্যাপিটাল মার্কেট, বিজিআইসি টাওয়ার, ৩৪, তোপখানা রোড, ঢাকা।

স্মারক নম্বর: ৫৩.০০.০০০০.০০০.২১১.৯৯.০০০২.২৬.৩২৯/১ (৯)

তারিখ: ৪ জ্যৈষ্ঠ ১৪৩৩ বঙ্গাব্দ
১৮ মে ২০২৬ খ্রিস্টাব্দ

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। অতিরিক্ত সচিব (সকল), আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ মন্ত্রণালয়।
২। যুগ্মসচিব (সকল), আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ মন্ত্রণালয়।
৩। উপসচিব (সকল), আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ মন্ত্রণালয়।
৪। সচিবের একান্ত সচিব, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৫। সিনিয়র সহকারী সচিব (সকল), আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ মন্ত্রণালয়।
৬। সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ।
৭। হিসাবরক্ষণ কর্মকর্তা, হিসাব কোষ, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ।
৮। সহকারী রক্ষণাবেক্ষণ প্রকৌশলী , আইসিটি সেল, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ।
৯। আর্থিক প্রতিষ্ঠান বিভাগে কর্মরত কর্মকর্তা/কর্মচারীগণ (সকল)।

১৮-০৫-২০২৬
সারমিন সুলতানা
উপসচিব

# বাংলাদেশ ব্যাংক

(সেন্ট্রাল ব্যাংক অব বাংলাদেশ)
প্রধান কার্যালয়
মতিঝিল, ঢাকা-১০০০
বাংলাদেশ
www.bb.org.bd

**সুপারভাইজরি ডেটা ম্যানেজমেন্ট এন্ড এনালিটিক্স ডিপার্টমেন্ট (এসডিএডি)**

**এসডিএডি সার্কুলার লেটার নং- ০৭**

**তারিখ: ০৪ জ্যৈষ্ঠ ১৪৩২ / ১৮ মে ২০২৬**

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক

**পবিত্র ঈদ-উল-আজহা, ২০২৬ উপলক্ষে তফসিলি ব্যাংকসমূহ খোলা ও বন্ধ রাখা প্রসঙ্গে।**

প্রিয় মহোদয়,

১। জনপ্রশাসন মন্ত্রণালয়ের ১৪ মে ২০২৬ তারিখে জারিকৃত প্রজ্ঞাপন নং-০৫.০০.০০০০.০০০.১৭৩.০৮.০২০.২৫.৪৪ এর অনুবৃত্তিক্রমে আসন্ন পবিত্র ঈদ-উল-আজহা, ২০২৬ উপলক্ষে আগামী ২৩ মে ২০২৬ তারিখ শনিবার ও ২৪ মে ২০২৬ তারিখ রবিবার তফসিলি ব্যাংকসমূহের সকল শাখা/উপশাখা স্বাভাবিক সময়সূচি অনুযায়ী খোলা থাকবে এবং ২৫ মে ২০২৬ তারিখ সোমবার হতে ৩১ মে ২০২৬ তারিখ রবিবার পর্যন্ত ব্যাংকসমূহ বন্ধ থাকবে।

২। ঈদ-উল-আজহার পূর্বে তৈরি পোশাক শিল্প খাতে নিয়োজিত শ্রমিক-কর্মচারীদের বেতন, বোনাস ও অন্যান্য ভাতাদি পরিশোধ এবং পোশাক শিল্প খাতের আমদানি-রপ্তানি সংশ্লিষ্ট ব্যাংকিং কার্যক্রম চলমান রাখার সুবিধার্থে কেবল ঢাকা মহানগরী, আশুলিয়া, টঙ্গী, গাজীপুর, সাভার, ভালুকা, নারায়ণগঞ্জ ও চট্টগ্রামে অবস্থিত পোশাক শিল্পের লেনদেন সংশ্লিষ্ট এলাকার বাণিজ্যিক ব্যাংকগুলোর শাখাসমূহে পর্যাপ্ত নিরাপত্তা নিশ্চিতপূর্বক আগামী ২৫ মে ২০২৬ তারিখ সোমবার ও ২৬ মে ২০২৬ তারিখ মঙ্গলবার নিম্নোক্ত সময়সূচি অনুযায়ী সীমিত সংখ্যক লোকবলের মাধ্যমে সীমিত পরিসরে ব্যাংকিং কার্যক্রম পরিচালিত হবে:

| অফিস সময়সূচি | লেনদেনের সময়সূচি |
|---|---|
| সকাল ১০:০০ টা হতে দুপুর ৩:০০ টা পর্যন্ত | সকাল ১০:০০ টা হতে দুপুর ১:০০ টা পর্যন্ত |

৩। সমুদ্র/স্থল/বিমান বন্দর এলাকায় (পোর্ট ও কাস্টমস এলাকা) অবস্থিত ব্যাংকের শাখা/উপশাখা/বুথসমূহ সপ্তাহে ০৭ দিন ২৪ ঘন্টা চালু রাখার বিষয়ে ০৫ আগস্ট ২০১৯ তারিখে জারিকৃত ডিওএস সার্কুলার লেটার নং - ২৪ অনুসারে ২৫ মে ২০২৬ তারিখ হতে ৩১ মে ২০২৬ তারিখ পর্যন্ত (ঈদের দিন ব্যতীত) সরকারি ও সাপ্তাহিক ছুটির দিনে আমদানি-রপ্তানি সংক্রান্ত কার্যক্রম সীমিত আকারে চলমান রাখতে হবে। তবে, এক্ষেত্রে স্থানীয় প্রশাসনসহ বন্দর/কাস্টমস কর্তৃপক্ষের সাথে আলোচনাক্রমে ব্যাংকসমূহ যথাযথ ব্যবস্থা গ্রহণ করতে পারে।

৪। ছুটির দিনে দায়িত্ব পালনকারী কর্মকর্তা/কর্মচারীগণ বিধি মোতাবেক ভাতাদি প্রাপ্য হবেন।

৫। ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১ এর ৪৫ ধারায় অর্পিত ক্ষমতাবলে জনস্বার্থে এ নির্দেশনা জারি করা হলো।

আপনাদের বিশ্বস্ত,

(মোঃ আবদুল মান্নান)
পরিচালক (এসডিএডি)
ফোন: ৯৫৩০০৯৩